

সার্টিফিকেটমত খাতকের প্রতি নোটিশ

(৭ ধারা দেখুন।)

*জনাব

সমীপেষু।

আপনাকে এতদ্বারা জ্ঞাত করান যাইতেছে যে, আপনার নিকট হইতে বাবত প্রাপ্য টাকার নিমিত্ত আপনার বিরুদ্ধে একখানি সার্টিফিকেট বঙ্গদেশের রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক ১৯১৩ সালের আইনের ধারানুসারে অদ্য আমার অফিসে রাখা হইয়াছে। যদি আপনি উক্ত টাকা দিবার দায়িত্ব অস্বীকার করেন তাহা হইলে এই নোটিশ জারী হইবার সময় হইতে ত্রিশ দিনের মধ্যে আপনি সম্পূর্ণ বা আংশিকভাবে দায়িত্ব অস্বীকারকরণসূচক একখানি দরখাস্ত আমার অফিসে দাখিল করিতে পারেন। উক্ত ত্রিশ দিনের মধ্যে যদি আপনি ঐরূপ দরখাস্ত দাখিল করিতে সক্ষম করেন কিংবা ঐ সার্টিফিকেট কেন জারী করা হইবে না তাহার কারণ দর্শাইতে সক্ষম করেন বা যথেষ্ট কারণ না দেখান তাহা হইলে আপনি প্রাপ্য বাবত টাকা এবং আদায়ের খরচা বাবত টাকা আমার অফিসে না দিলে উহা উক্ত আইনের বিধানানুসারে জারী করা হইবে। যাবৎ উক্ত টাকা ঐরূপে প্রদত্ত না হয় তাবৎ দান, বিক্রয় বা বন্ধক দ্বারা বা প্রকারান্তরে আপনার স্থাবর সম্পত্তি হস্তান্তরিত করিতে আপনাকে নিষেধ করা যাইতেছে। যদি আপনি ইতিমধ্যে আপনার অস্থাবর সম্পত্তির কোন অংশ গোপন করেন, স্থানান্তরিত করেন বা বিক্রয় করেন তাহা হইলে সার্টিফিকেট অবিলম্বে জারী করা হইবে।

উক্ত সার্টিফিকেটের একখানি নকল এই নোটিশে সংযুক্ত করা গেল।

আপনি সার্টিফিকেটের যে নম্বর 'ও' উহা যে বৎসরের তাহা উল্লেখ করিয়া মনি-অর্ডারযোগে ঐ টাকা পাঠাইতে পারেন।

তারিখ অদ্য ১৯

সালের

মাসের

দিবস।

সার্টিফিকেট কর্মচারী।

*সার্টিফিকেটমত খাতকের নাম।